

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৭৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

আরবী

وَعَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أَعْوَاد الْمِنْبَرِ يَقُولُ: «مَنْ قَرَأً آيَةَ الْكُرْسِيِّ فِي دبر كل صَلَاة لم يمنعهُ من دُخُولَ الْجَنَّةِ إِلَّا الْمَوْتُ وَمَنْ قَرَأَهَا حِينَ يَأْخُذُ مَضْجَعَهُ آمَنَهُ اللَّهُ عَلَى دَارِهِ وَدَارِ جَارِهِ وَأَهْلِ دُوَيْرَاتٍ حَوْلَهُ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي شعب الْإِيمَان وَقَالَ إِسْنَاده ضَعِيف

বাংলা

৯৭৪-[১৬] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এ মিম্বারের কাঠের উপর বসে বলতে শুনেছি, যে ব্যক্তি প্রতি সালাত (সালাত/নামায/নামাজ) শেষে আয়াতুল কুরসী পড়বে তাকে মৃত্যু ব্যতীত আর কোন বিষয় জান্নাতে প্রবেশে বাধা দিতে পারে না। আর যে ব্যক্তি ঘুমাবার সময় আয়াতুল কুরসী পড়বে, আল্লাহ তা'আলা তার ঘর, প্রতিবেশীদের ঘর ও তার চারপাশের ঘর-বাড়ীর নিরাপত্তা দিবেন। এ হাদীসটি বায়হাকী শু'আবুল ঈমান গ্রন্থে বর্ণনা করেছেন এবং বলেছেন, এর সূত্র দুর্বল।[1]

ফুটনোট

[1] মাওযূ': শু'আবুল ঈমান ২৩৯৫। কারণ এর সানাদে হাম্মুওয়াহি বিন আল হুসায়ন নামে একজনে দুর্বল এবং নাহশাল নামে একজন মিথ্যুক বর্ণনাকারী রয়েছে যেমনটি ইবনুল জাওযী (রহঃ) বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বায়হাকী বর্ণিত এ বর্ণনাটি দুর্বল। তবে হাদীসটির প্রথম অংশের শক্তিশালী শাহিদ রয়েছে নাসায়ী, ইবনু হিবান এবং ত্ববারানীতে। তাতে আছে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি প্রত্যেক (ফর্য) সালাতের পর আয়াতুল কুরসী পাঠ করবে তার জান্নাতে প্রবেশে কোন বাধা নেই মৃত্যু ব্যতীত। অর্থাৎ মৃত্যুবরণ করা মাত্রই সে জান্নাতে প্রবেশ করবে।



হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন